




স্মারক নং: ৪৬.৪৬.৫৮৩৫.০৬৭. ০৫.০০৩.২০১৫-২০/ ৫৪

তারিখ: ২৫-০৬-২০২০ ইং

বিষয়: করোনাভাইরাস প্রতিরোধ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি করোনা ভাইরাস নামে একটি মরণব্যাদি ভাইরাস বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় আমাদের দেশেও ছড়িয়ে পড়ছে। বিশেষ করে আক্রান্ত বিভিন্ন দেশ হতে যে সব প্রবাসীরা/বিদেশীরা এলাকায় আসছেন তাদের মাধ্যমে এ ভাইরাস দ্রুত আমাদের দেহে ছড়ানোর সম্ভাবনা রয়েছে। এজন্য প্রবাসীদের দেশে আসার ১৪ (চৌদ্দ) দিন পর্যন্ত যাতে বাধ্যতামূলকভাবে নিজ বাড়িতে একটি নির্দিষ্ট কক্ষে (হোম কোয়ারেন্টাইন) অবস্থান এবং পরিবার তথা আশেপাশের লোকজনের সাথে অবাধে চলাফেরা না করার বিষয়টি নিশ্চিত করার জন্য সরকারি নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায় কোন প্রবাসী উপরোক্ত নির্দেশনা অমান্য করলে সাথে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য আপনাদেরকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো।


(সালেহ উদ্দিন আহমদ)

চেয়ারম্যান

২নং পূর্বজুড়ী ইউপি

জুড়ী, মৌলভীবাজার।

প্রাপক,

দফাদার ও মহল্লাদার (সকল)

পূর্বজুড়ী ইউপি,

জুড়ী, মৌলভীবাজার।


স্মারক নং: ৪৬.৪৬.৫৮৩৫.০৬৭. ০৫.০০৩.২০১৫-২০/৫৫

তারিখ: ২৫-০৬-২০২০ ইং

অনুলিপি:

১। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার। মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। অফিস কপি।


(সালেহ উদ্দিন আহমদ)

চেয়ারম্যান

২নং পূর্বজুড়ী ইউপি